



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ : ১২/০৭/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের আয়োজনে সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয় রিসার্চ সেল এর তত্ত্বাবধায়নে এবং বাংলা বিভাগের আয়োজনে “অন্য রবীন্দ্রনাথ” শীর্ষক এক সেমিনার বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে অদ্য ১২ জুলাই ২০১৮ তারিখ সকাল ১১ ঘটিকায় অনুষ্ঠিত হয়েছে। বাংলা বিভাগের চেয়ারম্যান শারমিন আক্তারের সঞ্চালনায় সেমিনারে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বরীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিডিকেট সদস্য অধ্যাপক ড. বিশ্বজিত ঘোষ। সেমিনারে মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক উপস্থিত ছিলেন। অন্যান্যদের মধ্যে সেমিনারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্টবৃন্দ, শিক্ষকমন্ডলী, পরিচালকবৃন্দ এবং বাংলা বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। সেমিনারে বাংলা বিভাগের পক্ষ থেকে মুখ্য আলোচককে ফুল ও ফ্রেস্ট দিয়ে সম্মাননা জানানো হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস